# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

**কুড়িগ্রাম সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিআইসিএম এর বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত**

কুড়িগ্রাম (১১.০৬.২০২৬):



বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) কুড়িগ্রাম সরকারি কলেজ-এর শিক্ষার্থীদের নিয়ে 'ইনভেস্টমেন্ট ইন ক্যাপিটাল মার্কেট' শীর্ষক বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম আয়োজন করেছে। আজ ১১ জুন ২০২৬ তারিখ কলেজের সম্মেলন কক্ষে এ বিনিয়োগ শিক্ষা প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাঃ আতাউল হক খান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ সাইফুর রহমান সরকার। এসময় প্রাণীবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক জনাব মোঃ রেজাউল করিম, ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ মমিনুল হক, বিআইসিএম-এর উপ-পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম, এসিএস, সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ, প্রভাষক জনাব ইমরান মাহমুদ ও প্রভাষক জনাব ফাইমা আক্তারসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

ইন্সটিটিউটের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুল্লাহ, এফসিসিএ, প্রভাষক জনাব ইমরান মাহমুদ ও প্রভাষক জনাব ফাইমা আক্তার বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের বিভিন্ন সেশন পরিচালনা করেন।

বিআইসিএম নিয়মিতভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি সরকারি কলেজের শিক্ষার্থীদের নিয়ে পুঁজিবাজার ও আর্থিক বাজারসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে আজ কুড়িগ্রাম সরকারি কলেজে এ আয়োজন করা হয়।

ধন্যবাদান্তে,



(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২
ই-মেইলঃ oarish@bicm.ac.bd